

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী অঞ্চল, রাজশাহী।
www.dae.rajshahidiv.gov.bd

স্মারক নং- ১২.০১.৮১০০.০৪১.১৬.৫১৭.১৪. ২২৯৫(১)

তারিখঃ ০৭/১১/২০২২ খ্রি.


বিষয়ঃ আমন ধানে “বাদামী গাছ ফড়িং, ব্লাস্ট ও ইঁদুর” সহ অন্যান্য বালাই এর আক্রমণে করণীয় বিষয়ে সতর্ক বার্তা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র অঞ্চলের চার (০৪) টি জেলায় চলতি মৌসুমে রোপা আমন ফসলের সার্বিক অবস্থা বর্তমানে সন্তোষজনক। এর পরেও কোথাও কোথাও বাদামী গাছ ফড়িং, ব্লাস্ট ও ইঁদুরের আক্রমণে ফসল ক্ষতিগ্রস্ত হচ্ছে বলে সংবাদ মাধ্যমে প্রকাশিত হচ্ছে যাহা মোটেও কাম্য নহে। বর্তমানে মাঠে রোপাআমন ফসলের অবস্থা খুবই ভালো এবং উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে আশা করা যাচ্ছে।

বাদামী গাছ ফড়িং, ব্লাস্ট ও ইঁদুরসহ অন্যান্য বালাই এর আক্রমণে কোথাও কোন ভাবেই যেন ক্ষতিগ্রস্ত/ ফসলহানি না হতে পারে সে জন্য মাঠ পর্যায়ে জেলা এবং উপজেলার সকল কর্মকর্তা, উপসহকারী উদ্ভিদ সংরক্ষন কর্মকর্তা ও উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে সতর্ক থাকার নির্দেশনা প্রদান অব্যাহত রাখতে বলা হলো। বাদামী গাছ ফড়িং, ব্লাস্ট ও ইঁদুরসহ অন্যান্য বালাইয়ের আক্রমণে কোথাও কোন ভাবে ফসল ক্ষতিগ্রস্ত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা এর জন্য দায়ী থাকবেন। সুতরাং বর্তমান পরিস্থিতিতে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে নির্দেশ প্রদানের জন্য বলা হলো।

প্রাপক

উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী/ নওগাঁ/ নাটোর/ চাঁপাইনবাবগঞ্জ।


(মোঃ শামছুল ওয়াদুদ)
অতিরিক্ত পরিচালক
ফোনঃ ০২৫৮৮-৮০১৪৪৮
adrajshahi6@gmail.com

০৭/১১/২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ২। পরিচালক, উদ্ভিদ সংরক্ষন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।